

প্রেমারঞ্জন

যে দিন তোমারে হৃদয় ভরিয়া দাকি,
শাসন-বাক্য মাথায় করিয়া রাখি;
কে যেন সেদিন আঁখি-তারকায়,
মোহোন তুলিকা বুলাইয়া যায়,
সুন্দর, তব সুন্দর সব,
যে দিকে ফিরাই, আঁখি!
স্ফুটতর ঐ নভোনীলিমায়,
উজ্জ্বলতর শশধর ভায়,
সুমধুরতর পঞ্চম গায়
কুঞ্জভবনে পাখী।
দেহে হৃদয়ে পাই নব বল,
দূরে যায় যত ক্ষুদ্রতা ছল
কে যেন বিশ্ব-প্রেম সরল,
প্রান দিয়ে যায় মাখি'।
যেন তোমার পুণ্যপরশ,
ক'রে তোলে এই চিত্ত সরস,
উথলিয়া উঠে বক্ষে হরষ,
বিবশ হইয়া থাকি!